# ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪

মনোনয়ন ফরম অনলাইনে পূরণ সংক্রান্ত নির্দেশাবলী:

উপজেলা পরিষদ নির্বাচনে সকল প্রার্থীগণকে মনোনয়নপত্র অবশ্যই অনলাইনে দাখিল করতে হবে, সরাসরি রিটার্নিং/ সহকারী রিটানিং অফিসারের কার্যালয়ে কোন মনোনয়নপত্র গ্রহণ করা হবে না।

**নির্বাচনে প্রার্থীগণকে নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করে অনলাইনে মনোনয়পত্র দাখিল করতে হবে-**

১) অনলাইনে মনোনয়নপত্র পূরণ ও দাখিল করার উদ্দেশ্যে কোন প্রার্থী বাংলাদেশ নির্বাচন কমিশনের ওয়েব সাইটে (www.ecs.gov.bd) প্রবেশ করে বাম পাশে মেনুবারে অনলাইনে মনোনয়নপত্র দাখিল লিংকে প্রবেশ করে তার জাতীয় পরিচয়পত্র, নির্বাচনের ধরন, নির্বাচনের নাম, পদের নাম, বিভাগ, জেলা, উপজেরা, জন্ম তারিখ, মোবাইল নম্বর ও ই-মেইল আইডি এন্ট্রি করে রেজিস্ট্রেশন করতে পারবেন; রেজিস্ট্রেশন সম্পন্ন হবার পর মোবাইল নম্বর বা ই-মেইল এ ইউজার নেইম ও পাসওয়ার্ড পাওয়া যাবে;

২) জাতীয় পরিচয়পত্রের বায়োমেট্রিক ফিচারে সংরক্ষিত মুখাবয়ব তথ্যের সাথে প্রার্থী, প্রস্তাবকারী ও সমর্থনকারীর চেহারা শনসাক্তকরণ (facial recognition) করতে হবে;

৩) প্রাপ্ত ইউজার নেইম ও পাসওয়ার্ড ব্যবহার করে লগইন করার পর প্রার্থী চেয়ারম্যান পদের জন্য মনোনয়নপত্র ফরম-ক, ভাইস চেয়ারম্যান পদের জন্য মনোনয়পত্র ফরম-ক-১ এবং মহিলা ভাইস চেয়ারম্যান পদের জন্য মনোনয়নপত্র ফরম-ক-২ পাবেন;

৪) কোন প্রার্থী পোর্টালে প্রবেশ করে পর্যায়ক্রমে মনোনয়ন, ব্যক্তিগত তথ্যাদি ও হলফনামা সংক্রান্ত তথ্যাদি এন্ট্রি করবেন এবং প্রয়োজনীয় কাগজপত্র (যেমন-হলফনামা, আয়কর প্রদান সংক্রান্ত কাগজপত্র, প্রযোজ্য ক্ষেত্রে, নিবন্ধিত রাজনৈতিক দল কর্তৃক মনোনয়ন সংক্রান্ত প্রত্যয়নপত্র ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র) স্ক্যান করে পোর্টেবল ডকুমেন্ট (pdf) আকারে সংযুক্ত করবেন;

৫) প্রার্থী চালানের মাধ্যমে অথবা পোর্টালে রক্ষিত অনলাইন পেমেন্ট মেথড ব্যবহার করে জামানত বাবদ নির্ধারিত অর্থ প্রদান করার পর মনোনয়নপত্রটি দাখিল করবেন;

৬) প্রার্থী কর্তৃক অনলাইনে দাখিলকৃত মনোনয়নপত্র ও সংশ্লিষ্ট কাগজপত্রাদির মূল কপি মনোনয়নপত্র বাছাইয়ের দিন রিটার্নিং অফিসারের কার্যালয়ে দাখিল করতে হবে;

৭) কোন ব্যক্তি একই নির্বাচনি এলাকার জন্য একাধিক মনোনয়পত্র দাখিল করতে পারবেননা;

**বিশেষ দ্রষ্টব্য-**

ক) মনোনয়নপত্রের সাথে জামানত বাবদ চেয়ারম্যানের ক্ষেত্রে ১.০০.০০০/- (এক লক্ষ) টাকা এবং ভাইস চেয়ারম্যানের ক্ষেত্রে ৭৫০০০/- (পঁচাত্তর হাজার) টাকা সোনালী ব্যাংকে ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান করে ট্রেজারী চালানের কপি (pdf ফরম্যাট) নির্দিষ্ট স্থানে সংযুক্ত করতে হবে (জামানতের টাকা প্রদানের কোড নং-৬-০৬০১-০০০১-৮৪৭৩) অথবা নবসৃজিত কোড ১০৯০৩০২১০১৪৪৩-৮১১৩৫০১

খ) ছবিছাড়া ভোটার তালিকার সিডি ক্রয় বাবদ প্রতিটি পৌরসভার সাধারণ ওয়ার্ড এর জন্য ৫০০/- টাকা এবং প্রতি ইউনিয়ন ৫০০/- টাকা হারে সোনালী ব্যাংকে ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান করে ট্রেজারী চালানের মূলকপি (pdf ফরম্যাট) নির্দিষ্টি স্থানে সংযুক্ত করতে হবে (সিডি ক্রয়ের টাকা জমা প্রদানের কোড নং-১-০৬০১-০০০১-২৬৩১ পুরাতন কোড) অথবা নবসৃজিত কোড ১০৬-০১০১-১০০১২৫-১৪২৩২৫৩

গ) ১২ ডিজিটের টিআইন সনদের কপি, সম্পদ বিবরণী সংবলিত সর্বশেষ আয়কর রিটার্নের অবিকল প্রত্যয়িত অনুলিপি এবং সর্বশেষ আয়কর পরিশোধের প্রমানপত্র/রশিদ (pdf ফরম্যাট) সংযুক্ত করতে হবে;

ঙ) মনোনয়নপত্রের নির্ধারিত স্থানে প্রার্থীর পাসপোর্ট সাইজের ৩০০x৩০০ পিক্সেলে স্ক্যান করা ছবি সংযুক্ত করতে হবে;

চ) ৩০০/- (তিনশত) টাকার স্ট্যাম্প পেপারে যথাযথ স্থানে ম্যাজিস্ট্রেট/নোটারি পাবলিকের হলফনামা (প্রার্থীর মনোনয়ন সমাপ্তের পর হোম পেইজ থেকে মনোনয়পত্র ডাউনলোড করে স্ট্যাম্প পেপারে প্রিন্ট করতে হবে)

ছ) ইউটিলিটি বিল (pdf ফরম্যাট) সংযুক্ত করতে হবে;

জ) প্রার্থীর সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি সত্যায়িত (pdf ফরম্যাট) সংযুক্ত করতে হবে;

ঝ) মনোনয়নপত্র দাখিলের পূর্বেই নির্বাচনী ব্যয় নির্বাহের জন্য তফসিলী ব্যাংকে একটি স্বতন্ত্র নতুন একাউন্ট খুলতে হবে এবং নতুন একাউন্ট নম্বরটি মনোনয়পত্রের নির্ধিরিত স্থানে লিপিবদ্ধ করতে হবে। (নির্বাচনের সমূদয় ব্যয়/খরচ এই ব্যাংক একাউন্ট হতে করতে হবে)

ঞ) প্রার্থী ও প্রার্থীর বাবা, মা, স্বামী/স্ত্রীর বাংলা ও ইংরেজী নামের বানান আলাদা একটি কাগজে লিখে মনোনয়নপত্রের হার্ড কপির সাথে জমা দিতে হবে;

ট) ছবিছাড়া ভোটার তালিকার সিডি ক্রয়ের মূল্য তালিকা:

| ক্রমিক | উপজেলার নাম | ইউনিয়ন সংখ্যা | সিডির মূল্য |
|---|---|---|---|
| ০১ | কালিগঞ্জ | ১২টি | ৬০০০/- (ছয় হাজার) টাকা |
| ০২ | শ্যামনগর | ১২টি | ৬০০০/- (ছয় হাজার) টাকা |
| **নির্বাচনের সর্বোচ্চ ব্যয় ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা** | | | |

অনলাইনে মনোনয়ন ফরম পূরণ করার আগে নিম্নলিখিত প্রয়োজনীয় তথ্য/ ডিভাইস গুলো হাতের নাগালে রাখুন:

১. জাতীয় পরিচয়পত্র নম্বর (এনআইডি নম্বর)
২. মোবাইল নম্বর
৩. ইমেইল এ্যাড্রেস
৪. টিআইএন নম্বর
৫. প্রস্তাবকারী ব্যক্তি, তার এনআইডি ও ঠিকানা (অবশ্যই সংশ্লিষ্ট উপজেলার ভোটার হতে হবে)
৬. সমর্থনকারী ব্যক্তি, তার এনআইডি এবং তার ঠিকানা (অবশ্যই সংশ্লিষ্ট উপজেলার ভোটার হতে হবে)
৭. ভোটার তালিকায় প্রার্থীর ভোটার ক্রমিক নম্বর
৮. ডকুমেন্ট স্ক্যানার
৯. ক্যামেরা সুবিধাসহ ল্যাপটপ/ডেক্সটপ/ট্যাব/মোবাইল
১০. বর্তমান কর্মস্থলের নাম ও ঠিকানা
১১. পিতা-মাতার তথ্য, স্বামী/স্ত্রীর, জন্মতারিখ, বয়স, জন্মস্থান
১২. তাৎক্ষনিক যোগাযোগের জন্য টেলিফোন/মোবাইল/email address
১৩. সন্তানদের তথ্য
১৪. শিক্ষাগত যোগ্যতা
১৫. ফৌজদারি মামলা সংক্রান্ত তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে)
১৬. প্রার্থীর উপর নির্ভরশীলদের আয়ের উৎস সমূহ, পরিসম্পদ ও দায় বিবরণী
১৭. প্রার্থীর দায় ও ঋণ সংক্রান্ত তথ্য
১৮. প্রার্থীর বাৎসরিক আয় ব্যয়ের বিবরণী
১৯. সদ্য তোলা রঙিন পাসপোর্ট সাইজের ৩০০X৩০০ পিক্সেলে স্ক্যান করা ছবি
২০. রাজনৈতিক দলের (প্রযোজ্য ক্ষেত্রে) প্রত্যয়ন
২১. আয়কর রিটার্ন এর কপি
২২. সম্পদ বিবরণী
২৩. সর্বশেষ আয়কর পরিশোধের রশিদ
২৪. নির্বাচনের ব্যয় নির্বাহের জন্য ব্যবহৃত ব্যাংকের নাম, একাউন্ট নম্বর এবং ব্যাংকের শাখার নাম
২৫. সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র
২৬. ভোটার তালিকার সিডি কেনার রশিদ

সকল ডকুমেন্ট স্ক্যান করে ডিভাইস মেমোরি বা পেনড্রাইভে রেখে দিলে পরবর্তীতে কাজে সুবিধা হবে

- সকল ডকুমেন্ট pdf ফরমেটে হতে হবে।